ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৪০.০৭.১১২.২৩ নথির বিষয়: Lighting decoration of WASA Bhaban to celebrate the ceremony of foundation laying of Pagla STP and inauguration of Dasherkandi.
নোট: ১ নোটের বিষয়: **Lighting decoration of WASA Bhaban to celebrate the ceremony of foundation laying of Pagla STP and inauguration of Dasherkandi.**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৩/৭/২৩ ৩:৩৩ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৩.০৭.২০২৩ ইং তারিখ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঢাকা ওয়াসার "দাশেরকান্দি পয়ঃশোধানাগার" এর শুভ উদ্বোধন ও "পাগলা পয়ঃশোধনাগার" এর নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠান সাফল্যমন্ডিত করার লক্ষ্যে ওয়াসা ভবন আলোকসজ্জা করার জন্য অফিস আদেশ করা হয়েছে। সেই লক্ষ্যে ১১/০৭/২০২৩ ইং হতে ১৪/০৭/২০২৩ ইং তারিখ ভোর পর্যন্ত ওয়াসা ভবনের তিনদিকে সম্পূর্ণভাবে স্থির/চলামান এলইডি বাতির সাহায্যে আলোকসজ্জা করণ কাজটি করা প্রয়োজন। কাজ চলাকালীন সময়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসএম ডব্লিউ সি সার্কেল কে পরিদর্শন করানো হবে এবং সন্তোষজনক পরিদর্শন অন্তে কাজটি চুড়ান্ত করা হবে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৩/৭/২৩ ৩:৩৬ অপরাহ্ন

উক্ত কাজটি সম্পন্ন করার জন্য পূর্ব অনুমোদিত দর অনুযায়ী একটি প্রাক্কলন প্রণয়ন করা হয়েছে। যাতে ব্যয় এসেছে টা.১,৮৬,৪৮০/- (এক লক্ষ ছিয়াশি হাজার চারশত আশি) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার সিএম বিভাগের ২০২৩-২০২৪ ইং অর্থ-বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনায় "অফিস দালান রক্ষণাবেক্ষণ" খাতে আইটেম নং-২০ হতে নির্বাহ করা হবে। পি.পি.আর-২০০৮ এর বিধি ৭৬(১) (ট) ধারা অনুযায়ী "সরাসরি চুক্তির" আওতায় "S Construction" এর মাধ্যমে কাজটি সম্পন্ন করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৩/৭/২৩ ৩:৩৬ অপরাহ্ন

এমতাবস্থায়, Lighting decoration of WASA Bhaban to celebrate the ceremony of foundation laying of Pagla STP and inauguration of Dasherkandi. কাজটি পিপি আর ২০০৮ এর ৭৬(১) (ট) ধারা অনুযায়ী সরাসরি চুক্তির আওতায় "S Construction" এর মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে প্রাক্কলিত সর্বমোট টা.১,৮৬,৪৮০/- (এক লক্ষ ছিয়াশি হাজার চারশত আশি) টাকা মাত্র সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

১৩/৭/২৩ ৩:৩৮ অপরাহ্ন মোহাম্মদ রিয়াজুল ইসলাম উপ-সহকারী প্রকৌশলী সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ	১৩/৭/২৩ ৩:৪১ অপরাহ্ন মোঃ আরমান ভুইয়া উপ-বিভাগীয় প্রকৌশলী সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ	১৩/৭/২৩ ৪:০৫ অপরাহ্ন মুক্তা সাহা নির্বাহী প্রকৌশলী সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ	~~১৩/৭/২৩ ৪:০৫ অপরাহ্ন~~ ~~মোঃ ইকবাল আহমেদ মজুমদার~~ ~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~ ~~এস এম ডব্লিউ সি সার্কেল~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৩/৭/২৩ ৪:১১ অপরাহ্ন

Approved

১৩/৭/২৩ ৪:১২ অপরাহ্ন মোঃ ইকবাল আহমেদ মজুমদার তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস এম ডব্লিউ সি সার্কেল	১৩/৭/২৩ ৯:০০ অপরাহ্ন মুক্তা সাহা নির্বাহী প্রকৌশলী সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ	১৩/৭/২৩ ৯:০০ অপরাহ্ন মোহাম্মদ রিয়াজুল ইসলাম উপ-সহকারী প্রকৌশলী সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ